


এআইইউবিতে আন্তঃবিশ্ববিদ্যালয় কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা

ঢাকা

কার আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (এআইইউবি-সাবেক এমা) এর উদ্যোগে গত ৪ই সেপ্টেম্বর ঢাকায় অনুষ্ঠিত হয়ে গেল একটি আন্তঃ বিশ্ববিদ্যালয় কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ল্যাবে অনুষ্ঠিত এই দিনব্যাপী প্রোগ্রামিং প্রতিযোগিতায় দেশের ৩২টি সরকারী



বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ৬৫টি টিম অংশগ্রহণ করে। প্রতি দলে ৩ জন করে প্রোগ্রামার ছিলেন। প্রতিযোগিতার উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক। পাঁচ ঘন্টা সময়ে প্রতিযোগীদের মোট আটটি সমস্যা সমাধান (প্রোগ্রাম) করতে দেয়া হয়েছিল। দিনশেষে প্রাপ্ত ফলাফলে দেখা যায়-সাতটি সমস্যা সমাধান করে প্রথম হয়েছে প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েটের) শ্রীস্টার দল। এই দলের সদস্যরা হলেন- মুশফিকুর রউফ নাসা, মোঃ কামরুজ্জামান, ও সাজ্জাদ হোসেন। ছয়টি সমস্যা সমাধান করে দ্বিতীয় হয়েছে বুয়েটেরই লুপারস দল এই দলের সদস্যরা হলেন-মেহেদী বখত, সাইফুর রহমান, আসিফ উল হক। সমান সংখ্যক সমস্যা সমাধান করে তৃতীয় হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিএসডিইউ-১ দলটি। এই দলের সদস্যরা হলেন-আব্দুল্লাহ আল ওয়াদুদ, সৈয়দ মনোয়ার হোসেন ও প্রতীক মোঃ হোসেন। এরা সকলেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র।

□ আবু হাসান